

الأوّل

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৭৩ তম নাম ‘الأوّل’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الأوّل’ শব্দের মূল ل - و - ا , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৭০ বার এসেছে। প্রথম, পরিবার, পূর্বপুরুষ, ব্যাখ্যা, আদি ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الأوّل অর্থ: ‘তিনিই আদি’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَهُوَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ لَهُ الْحَمْدُ فِي الْأُولَى وَالْآخِرَةِ وَلَهُ الْحُكْمُ وَإِلَيْهِ تُرْجَعُونَ ﴿٧٠﴾

তিনিই আল্লাহ, তিনি ছাড়া কোন ইলাহ নেই। সমস্ত প্রশংসা তাঁর দুনিয়া ও আখেরাতে সর্বভৌমত্ত তাঁরই এবং তাঁর কাছেই ফিরিয়ে নেয়া হবে আমাদের। (সূরা আল কাসাস: আয়াত নং ৭০)

فَلِلَّهِ الْآخِرَةُ وَالْأُولَى ﴿٢٥﴾

প্রকৃতপক্ষে পরকাল এবং প্রথম (জীবন) সবই আল্লাহর। (সূরা আন নাজম: আয়াত নং ২৫)

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٣﴾

তিনিই প্রথম, তিনিই শেষ, তিনি প্রকাশ্য, তিনি গোপন এবং প্রতিটি বিষয়ে তিনি জ্ঞানী। (সূরা আল হাদিদ: আয়াত নং ৩)

মুসলিম শরীফের হাদীস:

হে আল্লাহ! তুমিই প্রথম তোমার পূর্বে কেউই নেই।

বোখারী শরীফের হাদীস:

আল্লাহ ছাড়া প্রথমে কিছুই ছিল না। তাঁর সিংহাসন পানির উপর ছিল। সবকিছু তিনি কিতাবে লিখে নিজের কাছে রেখেছেন এবং তিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আদি অনন্ত, আল্লাহর হুকুম আহকাম আমরা নিয়মিত ভাবে আদায় করি। দুনিয়ায় সৎকাজ ও মানুষের কল্যাণে নিজেদের নিয়োজিত করি। মানুষের হক আদায় করি। কারো হক নষ্ট না করি। আল্লাহর সামনে কাউকে শরিক না করি। আল্লাহ আমাদের সৎ পথে পরিচালিত করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা